গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
কারমাইকেল কলেজ, রংপুর।
ওয়েবঃwww.ccr.gov.bd

বিজ্ঞপ্তি নংঃ ২৯৮ তারিখঃ ২৭/৫/১৮

ফরম পূরণের বিজ্ঞপ্তি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার্থীদের জানানো যাচ্ছে যে, নিম্নেবর্ণিত বিষয় ও তারিখ অনুযায়ী জনতা ব্যাংক কলেজ বুথ শাখায় (শুক্রবার ও সরকারি ছুটির দিন ব্যতিত) প্রয়োজনীয় ফি জমা দিয়ে বিশ্ববিদ্যালয়ের শর্ত অনুযায়ী ফরম পূরণ করে স্ব স্ব বিভাগে জমা দেয়ার জন্য বলা হলো। ফরম পূরণের নিয়মাবলী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট/কলেজ ওয়েব সাইট/নোটিশ বোর্ড থেকে জানা যাবে।

ক্রমিক নং	কলা অনুষদ	সামাজিক বিজ্ঞান অনুষদ	বিজ্ঞান অনুষদ	ব্যবসায় প্রশাসন অনুষদ	তারিখ	সময়সূচী
১	বাংলা	রাষ্ট্রবিজ্ঞান		হিসাববিজ্ঞান	০৩/০৬/২০১৮	সকাল ১০.০০ টা হতে দুপুর ৩.০০ টা পর্যন্ত
২	ইংরেজী	অর্থনীতি		ব্যবস্থাপনা	০৪/০৬/২০১৮	
৩	ইসলামের ইতিহাস ও সংস্কৃতি	সমাজবিজ্ঞান	পদার্থবিদ্যা	ফিন্যান্স এন্ড ব্যাংকিং	০৫/০৬/২০১৮	
৪	ইতিহাস		রসায়ন/প্রাণিবিদ্যা	মার্কেটিং	০৬/০৬/২০১৮	
৫	আরবি ও ইসলামি শিক্ষা/দর্শন		গণিত/উদ্ভিদবিদ্যা		০৭/০৬/২০১৮	

পরীক্ষা ফি

ক্রমিক নং	বিষয়	টাকার পরিমান	ক্রমিক নং	বিষয়	টাকার পরিমান
০১	তত্ত্বীয় (প্রতি পূর্ণ পত্র)-বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত	২০০/-	০৮	সেশন ফি	৯২৫/-
০২	তত্ত্বীয় (প্রতি অর্ধ পত্র)-বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত	১৪০/-	০৯	পুনঃভর্তি ফি	১২.৫০
০৩	ব্যবহারিক(প্রতি পত্র/কোর্স) বিশ্ববিদ্যালয় জমা হবে	২০০/-	১০	বিবিধ	১০০/-
০৪	ইনকোর্স পরীক্ষার ফি (প্রতি পরীক্ষার্থী) বিশ্ববিদ্যালয়ে জমা হবে	১০০/-	১১	ব্যবস্থাপনা	৫০/-
০৫	কেন্দ্র ফি তত্ত্বীয় প্রতি পরীক্ষার্থী বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত	৪৫০/	১২	বেতন ০১(এক) বছরের ১২×২৫/-	৩০০/-
০৬	ব্যবহারিক পরীক্ষার কেন্দ্র ফি প্রতি শিক্ষার্থী ফি	১২০/-			
০৭	বিশেষঅন্তর্ভুক্তি ফি (গ্রেড উন্নয়ন পরীক্ষাথীদের জন্য) বিশ্ববিদ্যালয়ে জমা হবে	৩০০/-			

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী ঃ

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী (যারা রেগুলেশন অনুযায়ী কোর্স সম্পন্ন করেছে) ২০১৮ সালের অনার্স ১ম বর্ষের নিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৩-২০১৪ শিক্ষাবর্ষের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

যে সকল শিক্ষার্থী ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ এবং ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০১৮ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০১৭ সালের অনার্স ১ম বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০১৮ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০১৭ সালের অনার্স ১ম বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে।

যে সকল শিক্ষার্থী ২০১৩-২০১৪, ২০১৪-২০১৫, ২০১৫-২০১৬ ও ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ২য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০১৮ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০১৭ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০১৮ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

পাঠ্যসূচি ঃ
সকল বিষয়ের পরীক্ষা ০৪ (চার) বছর মেয়াদী অনার্স কোর্সের পাঠ্যসূচি ও সংশোধিত রেগুলেশন ২০১৩-২০১৪ সালের শিক্ষাবর্ষ থেকে কার্যকর সিলেবাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

পরীক্ষার্থীদের জন্য করণীয় ঃ

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে পরীক্ষার্থীগণ আবেদন ফরম সংগ্রহ করার পর নির্ধারিত ফিসহ সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখে নিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (www.nubd.info/honours) থেকে আবেদন ফরম Download করার সময় ফরমের নির্দিষ্ট স্থানে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) পূরণ করতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে স্ব স্ব কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

আবেদনের সাথে যা যা সংযুক্ত করতে হবে।

০১। রেজিষ্ট্রেশন কার্ডে ফটোকপি।

০২। ০২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবি।

০৩। ব্যাংকে টাকা জমা দেয়ার রশিদ।

২৭.৫.১৮

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর
ফোন নম্বর-০৫২১-৬২১৫৯
ফ্যাক্স নম্বর ০৫২১-৫৪০৫৯
ই-মেইল: carmichaelcollege@gmail.com

27.05.18

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

০১। সকল বিভাগীয় প্রধান, এই কলেজ

০২। আহবায়ক ১ম বর্ষ ফরম পূরণ কমিটি ২০১৮, এই কলেজ

০৩। ম্যানেজার, জনতা ব্যাংক, লালবাগ বাজার শাখা, রংপুর।

০৪। একাডেমিক শাখা, এই কলেজ

০৫। অফিস কপি।

২৭.৫.১৮

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর
ফোন নম্বর-০৫২১-৬২১৫৯
ফ্যাক্স নম্বর ০৫২১-৫৪০৫৯
ই-মেইল: carmichaelcollege@gmail.com

(প্রফেসর ড. শেখ আনোয়ার হোসেন-৯০২)
অধ্যক্ষ
কারমাইকেল কলেজ, রংপুর